

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা
ওয়েবসাইট: www.techedu.gov.bd

স্মারকনং ৩৭.০৩.০০০০.০১০.০১৮.১০.১৫(এপিএ/অংশ-২)/২৯

তাং: ২৩/০১/২০১৯খ্রিঃ

বিষয়: ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি অনুযায়ী ষাণ্মাসিক মূল্যায়নের ফলাবর্তক(feedback) প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত ষাণ্মাসিক মূল্যায়ন পর্যালোচনা করে অধিদপ্তরের ফলাবর্তক (feedback) অনুযায়ী এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জনে পরবর্তী কোয়ার্টারের কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ এপিএ এর ষাণ্মাসিক ফলাবর্তক (feedback)।

অক্ষয়
২৩/০১/১৯
(মনজুরুল কাদের)
পরিচালক প্রশাসন
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
তাং: ২৩/০১/২০১৯খ্রিঃ

বিতরণঃ

- ১। অধ্যক্ষ, টিটিটিসি, ঢাকা/ডিটিটিআই, বগুড়া।
- ২। অধ্যক্ষ, সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ।
- ৩। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
- ৪। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।

স্মারকনং ৩৭.০৩.০০০০.০১০.০১৮.১০.১৫(এপিএ/অংশ-২)/২৯

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (প্রশাসন/ পরিঃ ও উন্নঃ)/পিআইইউ/পিআইডব্লিউ/ভোকেশনাল কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
- ৪। মহাপরিচালকমহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালকমহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পরিচালক (ভোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। সংরক্ষণ কপি।

এপিএ ষাণ্মাসিক মূল্যায়নের ফলাবর্তক (Feedback)

- ১। যেসকল কর্মসম্পাদন সূচকের বিপরীতে অর্জন আশানুরূপ হয়নি সেসব সূচকের বিষয়ে পরিকল্পনা করে পরবর্তী কোয়ার্টারসমূহে অর্জনের ব্যবস্থা করতে হবে।
- ২। যেসকল প্রতিষ্ঠান শিক্ষকদের শিল্প প্রতিষ্ঠানে বাস্তব প্রশিক্ষনের জন্য প্রেরণ করেননি পরবর্তী কোয়ার্টারসমূহে নূন্যতম ২জন শিক্ষককে শিল্প প্রতিষ্ঠানে বাস্তব প্রশিক্ষনের জন্য প্রেরণ করবেন এবং প্রশিক্ষনের তথ্য icc.dte@gmail.com এ প্রেরণ করবেন।
- ৩। নির্দেশনা দিয়ে দেয়ার পরও অনেক প্রতিষ্ঠান আবশ্যিক লক্ষ্যের বিপরীতে অর্জনের ঘরে সব ১০০% দিয়ে পূরণ করেছেন। অর্জন সব সময় কর্ম সম্পাদন সূচকের এককে লিখতে হবে। যেমন-তারিখ যেখানে আছে অর্জন হবে তারিখ।
- ৪। এপিএ ফরমেট এর সাথে একটি ফরমেট দেয়া ছিল যার তথ্যসমূহ অধিদপ্তরের এপিএ রিপোর্ট মন্ত্রণালয়ে প্রেরনের জন্য প্রয়োজন। বেশিরভাগ প্রতিষ্ঠান তথ্য প্রেরন করেননি। যেমন-শিল্প কারখানায় শিক্ষক প্রেরণের কর্ম সম্পাদন সূচকের বিপরীতে অধিদপ্তরের লক্ষ্যমাত্রা ছিল ১১৮। প্রতিষ্ঠান কর্তৃক লক্ষ্যমাত্রা পূরণ এবং তথ্য প্রেরণ ব্যতীত অধিদপ্তরের এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয়।
- ৫। বাজেটের সাথে সম্পর্কিত যেসব লক্ষ্যসমূহের বিপরীতে অর্জন আশানুরূপ হয়নি পরবর্তী কোয়ার্টারসমূহে সেসব লক্ষ্যসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। ইন-হাউস প্রশিক্ষনের লক্ষ্যমাত্রা যাদের অর্জন হয়নি তারা পরবর্তী কোয়ার্টারে ইনহাউস প্রশিক্ষনের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করুন।
- ৭। প্রতি বছর বাৎসরিক বাজেট হতে ল্যাব এবং শ্রেনীকক্ষের জন্য যন্ত্রপাতি, শিক্ষা উপকরণ ক্রয় করা হয়। কিন্তু বেশিরভাগ প্রতিষ্ঠান এই দুই কর্মসম্পাদন সূচকের বিপরীতে অর্জন শূন্য লিখেছেন।
- ৮। যেহেতু এপিএ এর লক্ষ্যমাত্রার অর্জনের উপর ভিত্তি করে প্রতিষ্ঠানসমূহের র্যাংকিং করা হয় সেহেতু এপিএ এর লক্ষ্যমাত্রার সাথে সঙ্গতি রেখে প্রতিষ্ঠানের প্রাত্যহিক কার্যাবলী পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
(মনজুরুল কাদের)
পরিচালক প্রশাসন
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
তাং: ২৩/০১/২০১৯খ্রি: